



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-২২/০৪/২০২২খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযানে ৭০ বোতল ফেন্সিডিল ও ০১ কেজি শুকনো গাঁজা উদ্ধারসহ ০২ জন গ্রেফতার।



অভিযান-১



অভিযান-২

অভিযান -১ঃ গত ২১/০৪/২০২২ খ্রি. রাত অনুমান ২১.৩০ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে সহকারী পুলিশ কমিশনার (পরশুরাম জোন) জনাব মোঃ আজহারুজ্জামান এর নির্দেশনায়, অফিসার ইনচার্জ (পরশুরাম থানা) জনাব মোঃ রবিউল ইসলাম এর অপারেশন পরিকল্পনায়, পুলিশ পরিদর্শক (তদন্ত) আবু মুসা সরকার এর নেতৃত্বে এসআই (নিঃ) এস.এম. অনিক মাহমুদ এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, পরশুরাম থানাধীন আমাশু কুকরুল এলাকায় অভিযান পরিচালনা করে বিক্রয়ের উদ্দেশ্যে নিজ হেফাজতে রাখার অপরাধে ৭০ বোতল ফেন্সিডিল ও মাদক পরিবহনে ব্যবহৃত একটি ডিসকভার মটরসাইকেলসহ একজন আসামীকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামীর নাম ঠিকানাঃ ১। মোঃ স্বপন হোসেন (৪০), পিতা-মৃত নুরুল ইসলাম, সাং-মেডিকেল পাকারমাথা, থানা-কোতয়ালী, মহানগর, রংপুর।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে পরশুরাম থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন একটি মামলা দায়ের করা হয়।

অভিযান- ২ঃ অদ্য ২২/০৪/২০২২ খ্রি. রাত অনুমান ০৩.৩০ গোপন সংবাদের ভিত্তিতে উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায়, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিকল্পনায় এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম এর নেতৃত্বে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর কোতয়ালী থানাধীন চেকপোস্ট মোড়স্থ শীতল কমিউনিটি সেন্টার এর দক্ষিণ-পশ্চিম কোণে প্রবেশ দরজার সামনে চলাচলের পাকা রাস্তার উপর নেশা জাতীয় মাদকদ্রব্য ০১ (এক) কেজি শুকনো গাঁজা উদ্ধারসহ একজন আসামীকে গ্রেফতার করা হয়। আসামী ১। মোঃ সোহেল রানা (২৭), পিতা-মোঃ আজহার আলী, মাতা-মোছাঃ নুরনাহার বেগম, সাং-ছোটন খাটামারী, ডাকঘর-জয় মনিরহাট, থানা-ভুরুঙ্গামারী, জেলা-কুড়িগ্রাম।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন একটি মামলা দায়ের করা হয়।

২২.০৪.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১